আজকের কাগজ

তারিখ 06 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ১

10

# বেসরকারি শিক্ষকদের দিয়ে এইচএসসি পরীক্ষা নেয়া হতে পারে

**কাগজ প্রতিবেদক :** বেসরকারি কলেজের শিক্ষকদের দিয়ে এইচএসসি পরীক্ষা নেবার ব্যাপারে বিকল্প চিন্তা-ভাবনা চলছে। সরকারি প্রভাষকদের কর্মবিরতিতে যাবার কর্মসূচির মুখে এ ব্যবস্থা নেয়া হতে পারে বলে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক।

এবারে কুমিল্লা বোর্ড বাদে দেশের বাকি তিনটি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২২ আগস্ট। এদিকে দেশের সরকারি কলেজ প্রভাষক সমিতি তাদের ১২ দফা দাবি পূরণ না হলে আগামী ১৭ আগস্ট থেকে পূর্ণ কর্মবিরতিতে যাচ্ছে। দেশের সরকারি কলেজগুলোতে মোট প্রভাষক রয়েছেন ৪ হাজার ৫শ' জন। তিনটি বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩ লাখ। ফলে এতো বিরাট সংখ্যক শিক্ষক ধর্মঘটে গেলে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে মারাত্মক জটিলতা সৃষ্টি এ ব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ইউনুস আলী দেওয়ানের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, সরকার শিক্ষকদের দাবির ব্যাপারে ভাবনা চিন্তা করছেন। শেষ অবধি যদি দাবি পূরণ না হয়, তাহলে আমাদের বিশ্বাস শিক্ষকরা পরীক্ষাকে জিম্মি করবেন না। অন্ততঃ পরীক্ষার সময় দায়িত্ব পালন করবেন। যদি তাও সম্ভব না হয় তাহলে আমরা বেসরকারি কলেজের শিক্ষকদের দিয়ে পরীক্ষা নেবার ব্যাপারে ভাবছি। তিনি জানান, শিক্ষকদের ধর্মঘটের জন্যে কোনোভাবেই যাতে পরীক্ষা গ্রহণে বাধার সৃষ্টি না হয়, সে জন্যেই এ বিকল্প ব্যবস্থার কথা ভাবা হচ্ছে বলে পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন।